গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm .gov.bd

রেজিঃ/এডিঃ

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩১.২১

তারিখ------------------------ /১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব হেলেন হাঁজদা (পিতা- বিশ্বনাথ হাঁজদা), সিনিয়র স্টাফ নার্স, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী গত ০৫/০৯/২০১৮খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, উল্লেখিত কারণে আপনাকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ২৮/০১/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-৮১৮/২০১৩/৪৭ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং যেহেতু আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব প্রদান করেননি;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ২২/০৮/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০২৩.১৯.৩৩৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

৪। যেহেতু, আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি বা আপনি কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ০১/০২/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩১.২১.৮৮ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৬। যেহেতু, আপনি তদন্ত কর্মকর্তার তদন্ত কার্যক্রমে হাজির হননি;

৭। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত ২৫/০৩/২০২১খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়েছে;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal) করা হবে।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ করা হবেনা, একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক তার লিখিত জবাব অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ করা হবে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদন, ০৩ (তিন) পাতা

১। বর্তমান ঠিকানা

হেলেন হাঁজদা
পিতাঃ বিশ্বনাথ হাঁজদা
সিনিয়র স্টাফ নার্স
আধুনিক সদর হাসপাতাল,
নীলফামারী

২। স্থায়ী ঠিকানা

হেলেন হাঁজদা
পিতাঃ বিশ্বনাথ হাঁজদা
গ্রামঃ নটখানা, পোঃ পলাশবাড়ী
উপজেলা ও জেলাঃ নীলফামারী।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃinfo@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩১.২১ .৬০৫৫/১ (৯)

তারিখ ১৪/৪ /১৪২৮ বঙ্গাব্দ
২৯/৭ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিভিল সার্জন, নীলফামারী।
৪। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী।
৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
৬। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ নোটিশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। সেবা তত্ত্বাবধায়ক/ নার্সিং সুপারভাইজার, আধুনিক সদর হাসপাতাল, নীলফামারী।
৮। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৯। অফিস কপি।

২৯/৭/২১

মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@dgnm..gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৭.২১

তারিখ---------------- /১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

জনাব হেনা পারভীন (পিতা- আব্দুল মান্নান হাওলাদার), নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজার এর বিরুদ্ধে গত ০৯/০১/২০২০ খ্রিঃ তারিখের উপঃস্বাঃকমঃ টেক/২০২০/১৫৯ নং স্মারকে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের গত ১০/০১/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৭.২১.১৯ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে জনাব হেনা পারভীন (পিতা- আব্দুল মান্নান হাওলাদার), নার্সিং সুপারভাইজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় নাই মর্মে উল্লেখ রয়েছে।

২। বর্ণিতাবস্থায়, জনাব হেনা পারভীন (পিতা- আব্দুল মান্নান হাওলাদার), নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজারকে তার বিরুদ্ধে ডাঃ টিটু চন্দ্র শীল, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

স্বা:
মোঃ নাসির উদ্দিন
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ইমেইল- info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৭.২১. ৩০৭/১(৮)

তারিখ ২৪/৪ /১৪২৮ বঙ্গাব্দ
২৭/৭ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিভিল সার্জন, কক্সবাজার।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজার।
৫। উপপরিচালক (পিএমআইএস শাখা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। জনাব হেনা পারভীন (পিতা- আব্দুল মান্নান হাওলাদার), নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টেকনাফ, কক্সবাজার।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। অফিস কপি।

২৭/৭/২০২১
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা